বাংলাদেশ ফরম নং ১০৭৬

Standard Form of Kabulyat for Town Khas Mahals

ছ পরিশিষ্ট

(২১৩ বিধি দ্রষ্টব্য)

শহরের খাসমহালের কবুলিয়তের আদর্শ ফরম।

আমি , পিতার নাম , নিবাস , থানা , জেলা এতদ্দ্বারা কালেক্টরীতে তৌজি নম্বরবিশিষ্ট নিম্নের তফসীলে বর্ণিত পরিমাণ গভর্ণমেণ্টর খাসমহালের জমির জন্য নিম্নলিখিত শর্তে বাস করিবার *উদ্দেশ্যে এবং পর্যন্ত বৎসর কালের জন্য বাংলাদেশ সরকারের বরাবরে এই কবুলিয়ত লিখিয়া দিতেছি।

*যদি বসত করা ছাড়া অন্য কোন উদ্দেশ্য হয় তাহা হইলে আবশ্যকীয় সংশোধন করিতে হইবে।

১। এই কবুলিয়ত দ্বারা, আমি অঙ্গিকার করিতেছি যে, আমি ইহার অন্তর্গত শর্তসকল পালন করিব এবং কবুলিয়ত ও কবুলিয়তের শর্তসকলের বাধ্য হইয়া চলিতে থাকিব। আমার উত্তরাধিকারী ও এসাইনগণও ঐরূপ বাধ্য থাকিবে।

২। উল্লিখিত জোতের বার্ষিক খাজনা টাকা। আমি উক্ত খাজনা প্রতি বৎসরে ছয় মাস অন্তর সমান দুই কিস্তিতে তারিখে ও তারিখে কালেক্টরীতে দিব। প্রথম করের টাকা তারিখে দেওয়া হইবে। কোন করের টাকা হইতেই কোনরূপ কিছু বাদ দেওয়া হইবে না।

৩। যদি পাট্টার মেয়াদ ফুরাইবার পূর্বে আমার মৃত্যু হয় তাহা হইলে আমার ওয়ারিশগণ এবং যদি পাট্টা ফুরাইবার পূর্বে পাট্টা দেওয়া জমি হস্তান্তরিত করা হয় তাহা হইলে আমার এসাইনগণ হোলডিং-এর দখল পাইবার পর পঞ্জিকা অনুসারে তিন মাসের মধ্যে কালেক্টরীতে তাহাদের নাম রেজিষ্টারী করিবে এবং কবুলিয়তের সকল শর্ত মানিয়া ঐ জমি দখল ও ব্যবহার করিবে।

৪। *পাট্টা দেওয়া সমস্ত জমি হস্তান্তর করিবার বা নিম্ন শর্ত দিবার অধিকার আমার থাকিবে, কিন্তু এই কবুলিয়তের ৩ দফার ধার্যমতে ঐরূপ হস্তান্তর কালেক্টরীতে রেজিষ্টারী করিতে হইবে। পূর্বে কালেক্টরের লিখিত সম্মতি না লইয়া পাট্টা দেওয়া জমির কোন অংশমাত্র হস্তান্তর করিবার বা নিম্ন শর্তে ভাড়া দিবার বা যে কোন প্রকারে ঐ জমির কোন অংশমাত্র আমার হাতছাড়া করিবার অধিকার আমার থাকিবে না। কালেক্টর কোন হোলডিং-এর আংশিক হস্তান্তর মঞ্জুর করিবার পূর্বে ২৫.০০ টাকা ফি আদায় করা হইবে।

*যে সকল মহালে ঘর-বাড়ীর উপর কর্তৃত্ব রাখা বিশেষ দরকার বলিয়া মনে করা না হয়, সেই সকল মহাল কমিশনারের অনুমতি লইয়া এই দুই দফা বাদ দেওয়া যাইতে পারে।

৫। কালেক্টরের লিখিত সম্মতি ব্যতিরেকে আমি এমন কিছু করিব না যাহাতে আমাকে পাট্টা দেওয়ার জমির দাম বা পরিমাণ কমা সম্ভব।

৬। *কালেক্টরের লিখিত সম্মতি ব্যতিরেকে এবং তিনি পূর্বে নক্সা মঞ্জুর না করিলে আমি জমির উপর কোন ঘর বাড়ী তুলিব না, বাড়াইব না বা বদলাইব না।

৭। আমি পাট্টা দেওয়া জমির সীমানাসকল ঠিক রাখিব এবং তাহাদিগকে ভালরকম চিহ্নিত রাখিব এবং কালেক্টর চাহিলে বা হুকুম দিলে এপক্ষে যথাবিধি ক্ষমতাপ্রাপ্ত যে কোন কর্মচারীকে ঐ সকল দেখাইয়া দিব।

৮। এই পাট্টা সংযুক্ত তফসীলে লিখিত যে সকল সীমানার চিহ্ন আমাকে পাট্টা দেওয়া জমির উপর বর্তমান আছে আমি তাহা রক্ষা করিব এবং কোন সময়ে ঐরূপ কোন চিহ্ন না পাওয়া গেলে আমি তৎক্ষণাৎ ঐ কালেক্টরকে রিপোর্ট করিব।

৯। এই কবুলিয়ত দ্বারা নির্দিষ্ট তারিখে খাজনার কোন কিস্তি না দিলে আমি বকেয়ার অতিরিক্ত খাজনার বকেয়া টাকার উপর উহা দিবার তারিখ পর্যন্ত বাৎসরিক শতকরা ১২.৫০ হিসাবে সুদ দিতে বাধ্য থাকিব।

১০। আমি ঐ জমি সম্বন্ধে মালিক ও দাখিলকার উভয়রূপেই মিউনিসিপাল ট্যাক্স এবং প্রচলিত আইন ও ইহার পর যে আইন পাস হইতে পারে সেই আইন অনুসারে ঐ জমির উপর অন্য যে কোন ট্যাক্স